

# যুগান্তর

## নিরাপত্তার দাবিতে জাবির নারী শিক্ষার্থীদের মানববন্ধন

👤 জাবি প্রতিনিধি

🕒 ১৬ মার্চ ২০২৩, ০৪:১৬:২৪ | [অনলাইন সংস্করণ](#)



সার্বিক নিরাপত্তাসহ চার দফা দাবিতে মানববন্ধন করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীরা।

বুধবার বিকাল সাড়ে চারটায় নতুন প্রশাসনিক ভবনের সামনে মানববন্ধনটি অনুষ্ঠিত হয়। এসময় শিক্ষার্থীদের হাতে ‘প্রশাসন নিরাপত্তা দিতে ব্যর্থ কেনো?’, ‘বহিরাগতদের চলাচল নিয়ন্ত্রণ করো’, ‘যৌন নিপীড়নের ঘটনায় সুষ্ঠু তদন্তের দাবি জানাই’ ইত্যাদি শ্লোগান সম্বলিত পোস্টার দেখা যায়।

মানববন্ধনে শেখ হাসিনা হলের আবাসিক শিক্ষার্থী ফাইজা মেহজাবিন প্রিয়ন্তী বলেন, এই সপ্তাহে বিশ্ববিদ্যালয়ের তিনটি ছাত্রী হলে অজ্ঞাত যুবক প্রবেশ করে নীপিড়ন ও হেনস্থা করে। আমরা যখন হল প্রভোস্টের কাছে যাই তারা তদন্ত কমিটি করে।

কিন্তু সেই তদন্ত কমিটি কতটুকু কার্যকর আমরা তা নিশ্চিত নই। যে বিশ্ববিদ্যালয়ে পড়ে আমরা গৌরবের সঙ্গে আমরা বলতে পারতাম নিরাপদ, আজ সেই বিশ্ববিদ্যালয়ে রাস্তাঘাটেও ছাত্রীরা হেনস্থার শিকার হয়।

এটি আমাদের জন্য খুবই দুঃখজনক। আমরা এই ঘটনার সঠিক তদন্ত ও আমাদের নিরাপত্তা চাই।

এসময় শিক্ষার্থীদের পক্ষ থেকে চার দফা দাবি জানানো হয়। দাবিগুলো হলো- ক্যাম্পাস সিসিটিভির আওতাভুক্ত করতে হবে। যৌন হয়রানি ও সম্প্রতি মেয়েদের হলে ঘটে যাওয়া অপ্রীতিকর ঘটনার সুষ্ঠু তদন্ত কমিটির কার্যকারিতার জবাবদিহিতা নিশ্চিত করণ ও অপরাধীর দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে।

বহিরাগতদের অবাধ চলাচল নিয়ন্ত্রণ এবং এরকম অপ্রীতিকর ঘটনার ক্ষেত্রে তাদেরও জবাবদিহির আওতায় আনতে হবে। নারী শিক্ষার্থীর প্রতি প্রশাসনের বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গি ও দমন-পীড়নমূলক আচরণ বন্ধ করতে হবে।

উল্লেখ্য, গত ১১ মার্চ দিবাগত রাতে বিশ্ববিদ্যালয়ের সুফিয়া কামাল হল, শেখ হাসিনা হল ও খালেদা জিয়া হলে ঢুকে ছাত্রীদের অশালীন ভাষায় গালাগালি ও উত্থিত করেছে অজ্ঞাত পরিচয়ের এক বা একাধিক যুবক, এসময় খালেদা জিয়া হলে চুরির চেষ্টাও চালানো হয়। এই নিয়ে গত দুই সপ্তাহে এই তিনটি হলে দ্বিতীয়বারের মত এমন ঘটনা ঘটেছে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023